

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 27 June, 2025

বাংলাদেশ জাতীয় দলে শুক্রবার (২৭ জুন) ধানমন্ডিতে শতাধিক বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ ও ছাত্রজমায়েত আনুষ্ঠানিকভাবে যোগদান করেছে। তারা জাতীয় দলের চেয়ারম্যান ও ১২ দলীয় জোটের সমন্বয়ক সৈয়দ এহসানুল হুদা হাতে ফুলের তোড়া দিয়ে সদস্যপদ গ্রহণ করেন।

জাতীয় দলের ভাইস চেয়ারম্যান সারোয়ার আলমের সভাপতিত্বে এবং যুগ্ম মহাসচিব সাইফ রুমেলের সঞ্চালনায় অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশের উন্নয়ন ও ঐক্যের লক্ষ্যে কাজ করার অঙ্গীকারকৃত নতুন সদস্যরা।

সৈয়দ এহসানুল হুদা যোগদানকারীদের স্বাগত জানিয়ে বলেন, “নতুন বাংলাদেশ বিনির্মাণে আজকের এই যোগদান একটি মাইলফলক। আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে দেশের অধিকার রক্ষা ও উন্নয়নে কাজ করতে হবে। বাংলাদেশ আর কখনো অন্য দেশের সেবাদাসে পরিণত হতে দেওয়া হবে না।”

তিনি নতুন সদস্যদের জনগণের সেবক ও খাদেম হয়ে কাজ করার আহ্বান জানান এবং জানান, আগামীতে তাদের কাউন্সিলের মাধ্যমে দলের বিভিন্ন পদে নিয়োগ প্রদান করা হবে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:43

URL: <https://www.timestodaybd.com/public/politics/3794775807>